

## শিক্ষামন্ত্রীর এপিএসকে অব্যাহতি

নিজস্ব প্রতিবেদক >

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সহকারী একান্ত সচিব (এপিএস) মশাথ রওশন বাড়িকে অব্যাহতি দেওয়া হয়েছে। গতকাল সোমবার জনপ্রশাসন মন্ত্রণালয় এ বিষয়ে আদেশ জারি করেছে। জনপ্রশাসন সচিব কামাল আবদুল নাসের চৌধুরীও গতকাল এ তথ্য নিশ্চিত করেছেন।

শিক্ষামন্ত্রী হিসেবে নুরুল ইসলাম নাহিদ প্রথম দফায় দায়িত্ব নেওয়ার পর থেকে তাঁর এপিএস হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন শিক্ষা কমিশনের কর্মকর্তা মশাথ। কিন্তু তাঁকে নিয়ে নানা ধরনের বিতর্ক রয়েছে।